কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.moa.gov.bd

পরিচালক
পরিকল্পনা, প্রশিক্ষণ ও প্রযুক্তি হস্তান্তর

স্মারক নং-১২.০০.০০০০.০২১.০৬.০৮৪.২৩.৪৩২

তারিখ: ১০ ভাদ্র ১৪৩১
২৫ আগস্ট ২০২৪

**বিষয়: অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় কৃষি উপদেষ্টার সাথে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণের মতবিনিময় সভায় গৃহীত সিদ্ধান্ত অবহিতকরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২১ আগস্ট, ২০২৪ তারিখ বুধবার, সকাল ১১.৩০ ঘটিকায় অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় কৃষি উপদেষ্টার উপস্থিতিতে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণের সমন্বয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. কৃষি পণ্যের উৎপাদন বৃদ্ধির জন্য মানসম্পন্ন বীজ কৃষকদের মাঝে বিতরণ করতে হবে।

খ. কৃষি পণ্যের উৎপাদন ব্যয়ের সঠিক তথ্য প্রকাশ করতে হবে।

গ. পরিমিত পরিমাণে সার ব্যবহার নিশ্চিত করতে হবে।

ঘ. কৃষি উৎপাদন অব্যাহত রাখার লক্ষ্যে মাঠ পর্যায়ে কর্মকর্তা/কর্মচারিদেরকে সক্রিয় ভূমিকা পালন করতে হবে।

ঙ. ইউরিয়া সারসহ অন্যান্য সার যথাসময়ে ও ন্যায্য মূল্যে কৃষকের নিকট পৌঁছাতে হবে। সারের সরবরাহ ঠিক রাখতে যথাসময়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।

চ. সঠিক টিম ওয়ার্কের মাধ্যমে প্রত্যেক দপ্তর/সংস্থার কাজের সমন্বয় নিশ্চিত করতে হবে।

ছ. কৃষি পণ্যের উৎপাদন ব্যয় হ্রাসকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। উৎপাদন বৃদ্ধির স্বার্থে যা কিছু প্রয়োজন করতে হবে।

জ. কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারিদের কর্মস্থলে অবস্থান আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে।

ঝ. দুর্নীতিকে কোনো ভাবেই প্রশ্রয় দেয়া হবে না। এছাড়া সেবা গ্রহণের ক্ষেত্রে কেউ যেন হয়রানির স্বীকার না হন সে বিষয়ে সাবধানতা অবলম্বন করতে হবে।

ঞ. আলু উৎপাদনে কৃষককে যথাসময়ে আলু বীজ, সার ও প্রযুক্তি সরবরাহ স্বাভাবিক রাখতে হবে।

ট. মধ্যস্বত্বভোগী ও অসাধু তৎপরতার কারণে কৃষক যাতে ন্যায্য দাম হতে বঞ্চিত না হয় সে বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে।

ঠ. ধান উৎপাদন অগ্রাধিকারের পাশাপাশি আলু, পেয়াজ ও তৈলবীজ উৎপাদনকে অগ্রাধিকার দিতে হবে এবং অল্প জমিতে বেশি পরিমাণ ফসল উৎপাদনের লক্ষ্যে উন্নততর জাত উদ্ভাবন কার্যক্রম গ্রহণ করতে হবে।

ড. উৎপাদন এলাকা ঠিক রেখে কৃষিপণ্যের উৎপাদনশীলতা বৃদ্ধি করতে হবে।

ঢ. তুলা উৎপাদন বৃদ্ধি কৃষকদের জন্য লাভজনক কিনা তা পরীক্ষা করে কৃষককে লাভজনক কৃষিতে উদ্বুদ্ধ করতে হবে।

পত্র নং- ২৮২৪
প্রাপ্তির তারিখ- ২৭/৮/২০২৪
বিভাগ/শাখা----------------
বিডাব্লিউএম আরআই, দিনাজপুর।

২৫.০৮.২০২৪

(নাফিসা আরেফীন)
উপসচিব
ফোন: ৫৫১০০৮৮৫
e-mail: dsadmn32014@gmail.com

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১) কৃষি মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ প্রধান, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২) কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার প্রধানগণ।

০৩) যুগ্মসচিব (সকল), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪) মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, মাননীয় উপদেষ্টার দপ্তর, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(নোটিশটি কৃষি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের জন্য)।**

০৭) সিনিয়র তথ্য অফিসার, মাননীয় উপদেষ্টার দপ্তর, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।